

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

www.dshe.gov.bd



স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৫.৩১.২২৭.১৮/৩১৩৮/৭

তারিখ: ২৬/০৪/১৪২৬ বঙ্গাব্দ
৭/০৫/২০১৯ খ্রিস্টাব্দ


বিষয়: জয়পুরহাট জেলার কালাই উপজেলাধীন কালাই মহিলা কলেজের এম এল এস এস জনাব মো: সাইদুর রহমান চাকুরিতে পুন:বহাল ও বেতন ভাতা ছাড়করণ।
সূত্র: রিট পিটিশন নং-৪০৯৮/১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জয়পুরহাট জেলার কালাই উপজেলাধীন কালাই মহিলা কলেজের এম এল এস এস জনাব মো: সাইদুর রহমান চাকুরিতে পুন:বহাল ও বেতন ভাতা প্রাপ্তির লক্ষে ১৪/০৫/২০১৯ খ্রি. তারিখে মাউশি অধিদপ্তরে একটি আবেদন দাখিল করেন। আবেদন নিষ্পত্তি না হওয়ায় তিনি মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৪০৯৮/১৯ দায়ের করেন।

মহামান্য আদালত বিবাদীগণের প্রতি রুল জারিসহ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করেন। অন্তর্বর্তীকালীন আদেশে ৩নং বিবাদী অর্থাৎ মহাপরিচালককে পিটিশনারের ১৪/০৫/২০১৯খ্রি. তারিখের আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য আদেশ দেয়া হয়। আদেশে ৬০ দিনের মধ্যে আবেদনটি নিষ্পত্তির জন্য বলা হয়েছে।

মাউশি অধিদপ্তরের এমপিও ডাটাবেজ মোতাবেক কলেজের এম এল এস এস জনাব মো: সাইদুর রহমান (ইনডেক্স নং- ৮৩৪০৮৯) এর বেতন-ভাতা চলমান আছে। কলেজটির গভর্ণিং বডি বর্ণিত কর্মচারীর বেতন-ভাতা স্থগিত করেন।

এমতাবস্থায়, জনাব মো: সাইদুর রহমান, এম এল এস এস কর্তৃক ১৪/০৫/২০১৯ খ্রি. তারিখে মাউশি অধিদপ্তরে দাখিলকৃত আবেদনটি মহামান্য আদালতের নির্দেশনা অনুযায়ী বিধি মোতাবেক নিষ্পত্তি করে মাউশি অধিদপ্তরকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

ই-মেইল: ncollege@dshe.gov.bd



অধ্যক্ষ

কালাই মহিলা কলেজ

কালাই, জয়পুরহাট।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, কালাই মহিলা কলেজ, কালাই, জয়পুরহাট।
- ২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ৩। আইন কর্মকর্তা, আইন শাখা, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ৪। জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট।
- ৫। উপজেলা মাধ্যমিক অফিসার, কালাই, জয়পুরহাট।
- ৬। জনাব মো: সাইদুর রহমান, এম এল এস এস, কালাই মহিলা কলেজ, কালাই, জয়পুরহাট।
- ৭। সংরক্ষণ নথি।